গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-২ (সমন্বয়)
www.ird.gov.bd

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০২৩.৯৯.০০১.২৩.৬৬৫


তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: গণবিজ্ঞপ্তি বহুল প্রচার সংক্রান্ত।**

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের স্মারক নং: ১৫.০০.০০০০.০১৯.১৬.০০২.২৪.২৪৮, তারিখ: ২৪-০৯-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জুলাই-আগস্ট ২০২৪ এ সংঘটিত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগৃহীত ছাত্র জনতার অভ্যুত্থানে শহীদদের নামের খসড়া তালিকার গণবিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের লক্ষ্যে এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পৃষ্ঠা।



০১-১০-২০২৪
নুসরাত জাহান নিসু
সিনিয়র সহকারী সচিব
+৮৮০২-৫৫১০০০৯৪
nusrat.jahan@ird.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (অতিরিক্ত দায়িত্ব), বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড;
২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর;
৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল;
৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা এবং
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

**স্মারক নম্বর:** ০৮.০০.০০০০.০২৩.৯৯.০০১.২৩.৬৬৫/১ (১)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

০১-১০-২০২৪
নুসরাত জাহান নিসু
সিনিয়র সহকারী সচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ১৫.০০.০০০০.০১৯.১৬.০০২.২৪.২৪৮ - গণবিজ্ঞপ্তি বহুল প্রচার।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
যুগ্মসচিব (প্রশাসন) মহোদয় এর দপ্তর
ইস্যু নম্বর:
তারিখ:
সময়:
উপসচিব (প্রশাসন/কর/শুল্ক/বাজেট/আইন ও সংসদ/এপিএ/এসিআর/পরিকল্পনা/সমন্বয়/স্ট্যাম্প)
• জরুরী ব্যবস্থা নিন
• ব্যবস্থা নিন।
• আলোচনা করুন।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সচিবের দপ্তর
ইস্যু নম্বর: ৮৬৬
তারিখ: ২৭/০৯/২৪
অতিঃ সচিব (সকল)
সময়:
যুগ্মসচিব (প্রশাসন/কর/শুল্ক/বাজেট/আইন ও সংসদ/এপিএ/এসিআর/পরিকল্পনা/সমন্বয়)
• জরুরী ব্যবস্থা নিন।
• ব্যবস্থা নিন।
• আলোচনা করুন।
উপসচিব (সকল)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৯.১৬.০০২.২৪. ২৪৮ তারিখ : ০৯ আশ্বিন ১৪৩১ / ২৪ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: গণবিজ্ঞপ্তি বহুল প্রচার।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের ২৩-০৯-২০২৪ তারিখের ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০৮.২৪.২৮৭ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জুলাই-আগস্ট ২০২৪ এ সংঘটিত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগৃহীত ছাত্র জনতার অভ্যুত্থানে শহীদদের নামের খসড়া তালিকা স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত একটি গণবিজ্ঞপ্তি এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগ হতে প্রেরিত গণবিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের লক্ষ্যে গণবিজ্ঞপ্তির অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

২৪/০৯/২৪
(মোঃ মাসুদ খাঁন)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৪৬২
e-mail: press1@moi.gov.bd

প্রধান তথ্য অফিসার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৯.১৬.০০২.২৪.**২৪৮/১(৭০)** তারিখ : ০৯ আশ্বিন ১৪৩১ / ২৪ সেপ্টেম্বর ২০২৪

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে এ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব/সচিব ---অভ্যন্তরীণ সম্পদ বিভাগ---
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৬. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, দারুস সালাম, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা ।
৯. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
১০. সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।
১১. সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, তোপখানা রোড, ঢাকা।
১২. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটউট, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (গণবিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

২৪/০৯/২৪
(মোঃ মাসুদ খাঁন)
উপসচিব

*E:\D F P\Letter.docx- 136 -*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

**গণবিজ্ঞপ্তি**

জুলাই-আগস্ট ২০২৪ -এ সংঘটিত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগৃহীত ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের নামের খসড়া তালিকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইট: www.hsd.gov.bd-এ এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট: www.dghs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে। তথ্য সংশোধন/সংযোজন করার জন্য ওয়েবসাইটে প্রকাশিত তালিকাটি ২৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ হতে ০৬ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। তালিকায় প্রকাশিত নাম, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই/সংশোধন/পূর্ণাঙ্গ করতে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার বিষয়ে কারো কোন মতামত, পরামর্শ এবং নতুন কোনো তথ্য-উপাত্ত সংযোজন করার মতো থেকে থাকলে তা সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে জানানোর জন্য অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার তথ্য সংশোধনের জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:

(ক) শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জন্মনিবন্ধন ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

(খ) রেজিস্ট্রেশনের পর শহীদ ব্যক্তির তথ্য ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

(গ) প্রিন্ট করা কাগজের যে ঘরগুলোতে তথ্য নেই, সেগুলো পূরণ করতে হবে।

(ঘ) পূরণকৃত তথ্য নিয়ে সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তথ্য সংশোধনে সহায়তা করবে।

(ঙ) প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধি কর্তৃক পূরণকৃত ফরমটি জমা নিয়ে অনলাইনে তথ্যগুলো হালনাগাদ করবেন।

(চ) দাখিলকৃত তথ্য যথাযথভাবে সন্নিবেশিত বা সংশোধিত হল কিনা তা ওয়েবসাইটে প্রবেশ করে পুনরায় যাচাই করা যাবে।

সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহীদদের মধ্যে যদি কারো নাম এই তালিকায় অন্তর্ভুক্ত না হয়ে থাকে তাহলে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সিভিল সার্জন/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হ'ল।

২৬/০৯/২০২৪

(উম্মে হাবিবা)
উপসচিব
ই-মেইল: ghm1@hsd.gov.bd